

## বাংলাদেশ দূতাবাস

### তেহরান

#### সংবাদ বিজ্ঞপ্তি


যথাযোগ্য মর্যাদায় বাংলাদেশ দূতাবাস, তেহরানে 'জাতীয় প্রবাসী দিবস ২০২৩' পালন

৩১ ডিসেম্বর, ২০২৩, তেহরান

“প্রবাসীর কল্যাণ, মর্যাদা-আমাদের অঙ্গীকার; স্মার্ট বাংলাদেশ গড়ায় তারাও সমান অংশীদার” -এ প্রতিপাদ্যকে সামনে রেখে আজ যথাযোগ্য মর্যাদায় বাংলাদেশ দূতাবাস, তেহরান, ইরানে 'জাতীয় প্রবাসী দিবস ২০২৩' পালন করা হয়। অনুষ্ঠানে রাষ্ট্রপতি, প্রধানমন্ত্রী, পররাষ্ট্রমন্ত্রী এবং প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রীর বাণী পাঠ করা হয়। এরপর বিষয়ভিত্তিক ভিডিও চিত্র প্রদর্শিত হয়। পরবর্তীতে দিবসটির তাৎপর্য ও গুরুত্ব নিয়ে এক আলোচনা সভার আয়োজন করা হয়। আলোচনায় ইরানে বসবাসরত প্রবাসী বাংলাদেশীগণ অংশগ্রহণ করেন। বক্তাগণ বাংলাদেশের আর্থ-সামাজিক অগ্রযাত্রায় ও স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে প্রবাসী বাংলাদেশীদের অবদানের কথা তুলে ধরেন। তারা প্রথমবারের মতো জাতীয় প্রবাসী দিবস উদ্‌যাপনে সরকারের উদ্যোগকে স্বাগত জানান। এমন উদ্যোগ প্রবাসী বাংলাদেশীদের জন্য মর্যাদা ও স্বীকৃতি বয়ে আনার পাশাপাশি কর্মক্ষেত্রে তাদেরকে আরও উদ্যোগী ও উৎসাহিত করবে বলে বক্তাগণ অভিমত ব্যক্ত করেন। আলোচকগণ প্রবাসীদের বিভিন্ন সমস্যা তুলে ধরেন এবং সমস্যাগুলির সমাধানে সরকারের সংশ্লিষ্ট সংস্থাগুলির কার্যকারিতা এবং কর্মপরিসর বাড়ানোর প্রয়োজনীয়তা উল্লেখ করে। তারা বাংলাদেশ দূতাবাস, তেহরানে দ্রুত পাসপোর্ট দেয়ার সুবিধা স্থাপনের জোর দাবী জানান। প্রবাসীগণ জনশক্তি রপ্তানীতে শৃংখলা আনয়ন এবং দায়বদ্ধতা নিশ্চিতের ওপর গুরুত্বারোপ করেন।

আলোচনা পর্বে দূতাবাসের কর্মকর্তাগণ প্রবাসীদের কল্যাণে সরকারের গৃহীত বিভিন্ন প্রকল্প ও উদ্যোগের কথা তুলে ধরেন। রাষ্ট্রদূত মনজুরুল করিম খান চৌধুরী দেশের অগ্রযাত্রায় প্রবাসী বাংলাদেশীদের অবদানের ভূয়সী প্রশংসা করে বলেন, তারা যে শুধু বাংলাদেশের আর্থ-সামাজিক অগ্রযাত্রায় অবদান রাখছেন শুধু তা নয়; তারা যে দেশে আছেন, বিভিন্ন পেশায় কাজ করছেন সে দেশের অর্থনৈতিক সমৃদ্ধিতেও কার্যকর ভূমিকা পালন করছেন। তিনি বাংলাদেশের অর্থনীতিতে প্রবাসী বাংলাদেশীদের পাঠানো রেমিট্যান্সের অবদান তুলে ধরেন। প্রবাসী বাংলাদেশীগণ প্রবাসে এসে কষ্টার্জিত অর্থ-উপার্জনের মাধ্যমে পরিবার-পরিজনকে অর্থনৈতিকভাবে সচ্ছল রাখতে সার্বিকভাবে নিজের জীবনকে উৎসর্গ করেন মন্তব্য করে রাষ্ট্রদূত বলেন, এ রেমিটেন্স যোদ্ধাদের পাশে দাঁড়ানো, তাদেরকে সহযোগিতা করা আমাদের একান্ত কর্তব্য। রাষ্ট্রদূত প্রবাসীদের কল্যাণে বর্তমান সরকার কর্তৃক গৃহীত নানাবিধ নীতি ও পদক্ষেপের বিস্তারিত তুলে ধরেন এবং বাংলাদেশের উন্নয়ন অভিযাত্রায় প্রবাসীদের আরো বেশী সক্রিয় অংশগ্রহণের অনুরোধ জানান।

সংযুক্তি: অনুষ্ঠানের ছবি।

  
(মোলা আহমদ কুতুবুদ দ্বীন)  
প্রথম সচিব ও দূতালয় প্রধান